



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.dhakadiv.gov.bd

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০০৭.২৪- ৩২২

তারিখ: ২৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

অফিস আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ নাহিদ ফরাজী শূভ, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), বেলতৈল সরকারি প্রাথমিক বিদ্যালয় শ্রীপুর, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর এর ০১.০৬.২০২৩ তারিখের জেপ্রাশিঅ/গাজী/বরখাস্ত/২০২৩/৬৮৮(৮) নং স্মারক মূলে ২৫.০১.২০২৩ তারিখ থেকে “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)” গুরুদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ নাহিদ ফরাজী শূভ উক্ত আদেশের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে আপিল আবেদন দাখিল করেন; এবং

যেহেতু, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ নাহিদ ফরাজী শূভ এর আপিল আবেদন, আপিল শুনানীতে প্রদত্ত বক্তব্য ও প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপিলকারীকে কোন কারণ দর্শানো নোটিশ না করে এবং শিক্ষানবিশ মেয়াদ চলাকালে সরকারি চাকরি হতে বরখাস্তকরণ গুরুদণ্ড প্রদান করা হয়েছে যাতে পদ্ধতিগত ত্রুটি রয়েছে।

সেহেতু, জনাব মোহাম্মদ নাহিদ ফরাজী শূভ, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), বেলতৈল সরকারি প্রাথমিক বিদ্যালয় শ্রীপুর, গাজীপুর-এর আপিল আবেদন মঞ্জুর করা হলো। তাঁর বিরুদ্ধে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর এর ০১.০৬.২০২৩ তারিখের জেপ্রাশিঅ/গাজী/বরখাস্ত/ ২০২৩/৬৮৮(৮) নং স্মারকে প্রদত্ত দণ্ডদেশ রদ ও রহিত করা হলো। একইসাথে তাঁর ০২.০৫.২০২৩ তারিখের চাকরি হতে ইস্তফাপত্র গ্রহণ করে তাঁকে “চাকরি হতে অব্যাহতি” প্রদান করা হলো।

(মীর্জা মোঃ হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
ফোন: ০২-৫৮০৫৩৩৬৭

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০০৭.২৪- ৩২২(৬)

তারিখ: ২৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর।
৩. উপজেলা শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৪. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৫. জনাব মোহাম্মদ নাহিদ ফরাজী শূভ, পিতা-মো: তাজ উদ্দিন ফরাজী, মাতা-আছিয়া খাতুন, গ্রাম-সিংগারদিঘী, ডাকঘর-মাওনা, উপজেলা-শ্রীপুর, জেলা-গাজীপুর।
৬. সংরক্ষণ নথি।

(মোসাম্মদ রোখসানা হায়দার)

সহকারী পরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা
০২-৫৮০৫৪৮৯৯